



BSA

ভাল বীজে ভাল ফসল
উৎপাদনে বীজই আসল

Bangladesh Seed Association

বাংলাদেশ সীড এসোসিয়েশন

তারিখ: ২০ জানুয়ারি, ২০২৪ খ্রিঃ

বরাবর,

সম্মানিত সকল সদস্য

বাংলাদেশ সীড এসোসিয়েশন।

বিষয়ঃ- বার্ষিক বনভোজন-২০২৪ অনুষ্ঠানে অংশগ্রহণ প্রসঙ্গে।

বাংলাদেশ সীড এসোসিয়েশনের সম্মানিত সকল সদস্যগণের সদয় অবগতির জন্য আনন্দের সাথে জানানো যাচ্ছে যে, আগামী ১০ ফেব্রুয়ারি-২০২৪ তারিখ, রোজ: শনিবার, বাংলাদেশ সীড এসোসিয়েশনের বার্ষিক বনভোজন-২০২৪ অনুষ্ঠিত হবে। বার্ষিক বনভোজন ২০২৪ অনুষ্ঠানকে প্রানবন্ত ও উৎসবমুখর করার জন্য প্রতিবছরের ন্যায় এবারেও বিভিন্ন খেলা-ধুলা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি উপস্থিত সদস্যবৃন্দের মধ্যে আনুমানিক ৩টি মোটর সাইকেল, ১টি স্বর্ণের চেইন, ফ্রীজ, এলইডি কালার টেলিভিশন, ল্যাপটপ ও স্মার্ট মোবাইল সেট-সহ মোট ৫০ টিরও অধিক আকর্ষণীয় পুরস্কারের উপর র‍্যাফেল-ড্র অনুষ্ঠিত হবে। উক্ত বনভোজনে বিএসএ-এর সকল সদস্য কোম্পানী/প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী, তাঁদের পরিবারবর্গ ও কর্মকর্তা-কর্মচারী-সহ সকলকে অংশগ্রহণ করার জন্য বিশেষভাবে আমন্ত্রণ জানানো যাচ্ছে। টিকেটের মূল্য-সহ বিস্তারিত বিবরণ নিম্নে প্রদান করা হল।

টিকেটের মূল্য	:	১,৫০০/- (এক হাজার পাঁচশত টাকা) মাত্র (১টি লটারীর কুপনসহ)
টিকেট বিক্রি	:	১ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ হইতে ৭ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখ পর্যন্ত।
ভ্রমন	:	বাস যোগে (ঢাকা গুলিস্থান টু কানাখোলা, কেরানীগঞ্জ, ঢাকা)
স্থান/স্পট	:	শরীফ ফুড কোর্ট এন্ড ড্রিম পার্ক, কানাখোলা, কেরানীগঞ্জ, ঢাকা।
বাস ছাড়ার স্থান	:	বিএসএ অফিস, ১৪৫, সিদ্দিক বাজার, ঢাকা।
বাস ছাড়ার সময়	:	সকাল- ৭:৩০ ঘটিকা (নাস্তার ব্যবস্থা আছে)

অতএব, উক্ত বনভোজনে অংশগ্রহণ করতে আগ্রহী সদস্য কোম্পানী/প্রতিষ্ঠানের প্রতিনিধিগণকে (আগে আসলে আগে পাবেন ভিত্তিতে) আগামী ১ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের মধ্যে নির্ধারিত ফি প্রদান পূর্বক বিএসএ-এর অফিস থেকে টিকেট সংগ্রহ করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

বিশেষ দ্রষ্টব্যঃ নির্ধারিত ৭ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখের পরে কোন ক্রমেই টিকেট বিক্রি করা হবে না।

প্রয়োজনে যোগাযোগ:

জনাব মোঃ ইমরান হোসেন ইমন, সহ-সাধারণ সম্পাদক ও সদস্য সচিব, বনভোজন আয়োজন কমিটি, বিএসএ,

মোবাইল: ০১৭১২০০৬৩৪৫।

জনাব মোঃ নজরুল ইসলাম, কোষাধ্যক্ষ ও সদস্য, বনভোজন আয়োজন কমিটি, বিএসএ, মোবাইল: ০১৮১৪৮৩৪৭২৫

জনাব মোঃ আখতারুল ইসলাম, নির্বাহী সচিব, বিএসএ, মোবাইল: ০১৮৪৪৫১৪৬২২।

এ আয়োজনকে সফল এবং সার্থক করতে আপনাদের স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ ও সহযোগিতা একান্তভাবে কামনা করছি।

ধন্যবাদান্তে,

শেখ আব্দুল হালিম

শেখ আব্দুল হালিম

সিনিয়র সহ-সভাপতি

ও আহবায়ক

বনভোজন আয়োজন কমিটি

বাংলাদেশ সীড এসোসিয়েশন।